গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
www.rda.gov.bd

**বিষয়ঃ "কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ" শীর্ষক প্রকল্প (১ম সংশোধিত) এর প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব খলিল আহমদ, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
সভার স্থান : পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া ও জুম এ্যাপসের মাধ্যমে ভার্চুয়াল প্লাটফর্ম ।
তারিখ : ২৫ জানুয়ারী, ২০২২
সময় : দুপুর ০১:০০ টা

**সভায় নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**
**(জুম প্লাটফর্মে অংশগ্রহণকারী)**
১. জনাব রাশিদুল ইসলাম, অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
২. ড. মোঃ গোলাম মোস্তফা, উপসচিব (পরিকল্পনা-৬), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৩. জনাব আইরীন ফারজানা, উপসচিব (উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৪. জনাব মোঃ জাহেদুল হক চৌধুরী, প্রকল্প পরিচালক (উপসচিব)।
৫. জনাব জেসমুন নাহার, উপপ্রধান, পল্লী প্রতিষ্ঠান ও সমন্বয় উইং, পরিকল্পনা কমিশন।
৬. জনাব জিলুফা সুলতানা, ডিডিএলজি, কুড়িগ্রাম
৭. জনাব দিলরুবা আহমেদ, ডিডিএলজি, জামালপুর।
৮. জনাব মোঃ হেলাল খান, মূল্যায়ন কর্মকর্তা, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়।
৯. কানিজ, এসএসি, প্রোগ্রামিং ডিভিশন, পরিকল্পনা কমিশন।
১১. ড. মোঃ নজরুল ইসলাম, উপ ব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) মিল্ক ভিটা।
১২. জনাব মোঃ আব্দুর রশিদ, ডিডি, ডিএই, কুড়িগ্রাম।
১৩. জনাব নিতাই চন্দ্র বণিক, ডিডি, ডিএই, জামালপুর।
১৪. ড. কায়সার মোঃ মইনুল হাসান, জেলা মৎস্য কর্মকর্তা, জামালপুর।
১৫. জনাব কালি পদ রায়, জেলা মৎস্য কর্মকর্তা, কুড়িগ্রাম
১৬. জনাব ডাঃ মোঃ আব্দুল হাই, জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, কুড়িগ্রাম।
১৭. জনাব ডাঃ মোঃ শহীদুল ইসলাম, জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, জামালপুর।
১৮. মো: তাজুল ইসলাম, জেলা সমবায় অফিসার, জামালপুর
১৯. কে.এম মাসুদুর রহমান, ইন্সপেকটর, জেলা সমবায় অফিস, কুড়িগ্রাম।
২০. মো: লুৎফর রহমান, উপপরিচালক, বিআরডিবি, জামালপুর
২১. মো: নুর হোসেন মিয়া, উপপরিচালক, বিআরডিবি, কুড়িগ্রাম
২২. জনাব মোঃ খালিদ আওরঙ্গজেব, উপ প্রকল্প পরিচালক, পউএ, বগুড়া।
**(জুম প্লাটফর্মে অংশগ্রহণকারী): স্কীন সর্ট সংযুক্ত।**

**(সরাসরি অংশগ্রহণকারী)**
১. জনাব মোঃ ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), পউএ, বগুড়া।
২. জনাব মাকছুদ আলম খান, ভারপ্রাপ্ত পরিচালক, প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ বিভাগ, পউএ, বগুড়া।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ১২/১০/২০২১ তারিখে অনুষ্ঠিত পিআইসি সভার সিদ্ধান্তের আলোকে গৃহীত ব্যবস্থা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি মহোদয় প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্য সচিব এবং এ প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক মাঠে থাকায় প্রকল্প পরিচালককে সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপন করার জন্য আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। | প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি সংক্রান্ত | প্রকল্পের অনুকূলে ২০২১-২২ অর্থ বছরের আরএডিপিতে মোট ৫৯৩৮ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। ১ম ও ২য় কিস্তি বাবদ ৩৫৩৫.৪৯ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। এবং এ পর্যন্ত ব্যায় ১৭৭০.৮২ লক্ষ টাকা। যা বরাদ্দের ২৯.৮২% এবং বাস্তব অগ্রগতি ৪৪.৬২%। প্রকল্পের শুরু থেকে এ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৩৪% এবং ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ৪১%। | কর্মপরিকল্পনা ও বাজেট অনুযায়ী সকল কাজ সম্পন্ন করতে হবে। |
| ২। | গরু ক্রয় ও বিতরণ সংক্রান্ত | যেহেতু উপজেলা পর্যায়ে গরু ক্রয় কমিটিতে উপজেলা নির্বাহী অফিসার/তার প্রতিনিধি সভাপতি হিসেবে রয়েছেন সেক্ষেত্রে তাদের উদ্যোগী ভূমিকা ও সার্বিক সহযোগিতা প্রয়োজন। | স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। জেলা প্রশাসকের কার্যালয় থেকে বিষয়টি কেস টু কেস ভিত্তিতে মনিটরিং করতে হবে। |
| ৩। | ভূমি অধিগ্রহণের বিষয়ে আলোচনা | দেওয়ানগঞ্জ উপজেলার এপিএম ইউনিটের জন্য জমি দ্রুত অধিগ্রহণ করার প্রক্রিয়া করতে হবে। | স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ অব্যাহত রেখে দ্রুত অধিগ্রহণ প্রক্রিয়া শেষ করতে হবে। |
| ৪। | জাত উন্নয়নের লক্ষ্যে প্রজনন ক্ষম বুল/গাভী আমদানী প্রসঙ্গে | প্রাণিসম্পদ অধিদপ্তর (ডিএলএস) হতে অনুমতি পাওয়া যায়নি তবে পত্র প্রদান করা হয়েছে এবং যোগাযোগ অব্যাহত আছে। | যোগাযোগ অব্যাহত রেখে দ্রুত আমদানী/স্থানীয় ভাবে সংগ্রহের পদক্ষেপ গ্রহণ করতে হবে। |
| ৫। | প্রশিক্ষণ কার্যক্রম | প্রশিক্ষণ কার্যক্রম দ্রুত করতে হবে যাতে লক্ষ্যমাত্রা অর্জন করা যায় এবং গুণগতমান ঠিক থাকে। | আরডিএতে আবাসিক প্রশিক্ষণের স্থান সংকুলান না হলে সংশ্লিষ্ট উপজেলায়/ জেলায় বিভিন্ন প্রতিষ্ঠানের সংগে যোগাযোগ করে প্রশিক্ষণ কার্যক্রম এগিয়ে নিতে হবে। |
| ৬। | প্রকল্পের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত আলোচনা | ২০১৮ সাল থেকে এ পর্যন্ত প্রকল্পের মাত্র ৩৪% আর্থিক ও ৪১% বাস্তব অগ্রগতি হয়েছে। এই আর্থিক বছরে সমস্ত অর্থ খরচ করলেও অগ্রগতি ৫৪% হবে। প্রকল্প শুরু হতে দেরী এবং প্রকল্পের অধিকাংশ কম্পোনেন্ট জন সম্পৃক্ত হওয়ায় করোনার কারণে প্রকল্প বাস্তবায়নে দেরী হয়েছে। এমতাবস্থায় এপিএম ইউনিটের সীমানা প্রাচীর ও গেইট, ক্যাটল ইনসুরেন্স, উপকারভোগীদের জন্য প্রশিক্ষণের সংখ্যা বৃদ্ধিসহ প্রয়োজনীয় সংশোধনসহ প্রকল্পের সময়কাল ২ (দুই) বছরের বৃদ্ধির প্রস্তাবনাসহ মন্ত্রণালয়ে পাঠানো প্রয়োজন। | মেয়াদ বৃদ্ধির জন্য দ্রুত ডিপিপি সংশোধন পূর্বক মন্ত্রণালয়ে পাঠাতে হবে। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সবার সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

/২/২২

**(খলিল আহমদ)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
এবং
সভাপতি
প্রকল্প বাস্তবায়ন কমিটি
"কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ" শীর্ষক প্রকল্প
(১ম সংশোধিত)